উপমা অলংকার ও তার
শ্রেনীবিভাগ
Prepared by Subir Basak
For Students of 2nd Semester
Assistant Professor, Department of Bengali
MMD College, Sabroom, South Tripura

উপমা অলংকার

একই বাক্যে স্বভাবধর্মে বিজাতীয় দুটি বস্তুর বিসদৃশ কোনো ধর্মের উল্লেখ না করে যদি কোনো বিশেষ ধর্মে বা বিশেষ গুণে বা বিশেষ অবস্থায় উভয়ের মধ্যে সাদৃশ্য দেখানো হয় তাহলে হয় উপমা অলংকার।

উদাহরণ—

“আনিয়াছি ছুরি তীক্ষ্নদীপ্ত প্রভাত রশ্মি সম”

উপমেয় – (যাকে তুলনা করা হয়) – ‘ছুরি’

উপমান – (যার সঙ্গে তুলনা করা হয়) – ‘প্রভাতরশ্মি’

সাধারণ ধর্ম – ‘তীক্ষ্নদীপ্ত’

তুলনা বাচক শব্দ – ‘সম’

ব্যাখ্যাঃ এখানে উপমেয় ‘ছুরি’র সঙ্গে উপমান ‘প্রভাতরশ্মি’র তুলনা করা হয়েছে। ‘ছুরি’ ও ‘প্রভাতরশ্মি’ দুটি বিজাতীয় বস্তু। এখানে এই বিজাতীয় বস্তু দুটির কোনো বিরুদ্ধ ধর্মের উল্লেখ নেই। আর ‘তীক্ষ্ণদীপ্ত’ শব্দটির দ্বারা উভয়ের মধ্যে সাদৃশ্য বা মিল দেখানো হয়েছে। তাই এই পংক্তিটি একটি উপমা অলংকারের উদাহরণ।


উপমা অলংকার
পূর্ণোপমা
লুপ্তোপমা
মালোপমা
স্মরণোপমা

পূর্ণোপমা

যে উপমা অলংকারে উপমেয়, উপমান, সাধারণ ধর্ম এবং তুলনাবাচক শব্দ এই চারটি অঙ্গই সুস্পষ্ট রূপে বিদ্যমান থাকে তাকে বলে পূর্ণোপমা।

ব্যাখ্যাঃ উদাহরণটিতে উপমেয় ‘আলো’ এবং উপমান ‘আশা’ – দুটি বিজাতীয় বস্তু । উভয়ের মধ্যে কোনো বিরুদ্ধ ধর্মের উল্লেখ না করে সাদৃশ্য কল্পনা করা হয়েছে ‘কাঁপিছে’ শব্দটির দ্বারা। এখানে উপমা অলংকারের চারটি অঙ্গই বিদ্যমান থাকায় এটি পূর্ণোপমা অলংকারের উদাহরণ।

অতিরিক্ত উদাহরণ –

১. দুধের মতো সাদা নারী।

উপমেয়- নারী, উপমান – দুধ, সাধারণ ধর্ম – সাদা, তুলনাবাচক শব্দ – মতো।

২. রোদের নরম রঙ শিশুর গালের মতো লাল।

উপমেয়- রোদের রঙ, উপমান – শিশুর গাল, সাধারণ ধর্ম – লাল, তুলনাবাচক শব্দ – মতো।

৩. ননীর মতো শয্যা কোমল পাতা।

উপমেয়- শয্যা, উপমান – ননী, সাধারণ ধর্ম – কোমল, তুলনাবাচক শব্দ – মতো।

লুপ্তোপমা

যে উপমা অলংকারে চারটি অঙ্গের মধ্যে এক বা একাধিক অঙ্গ অনুপস্থিত থাকে তাকে বলে লুপ্তোপমা।

উদাহরণ—

পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন

উপমেয় – (যাকে তুলনা করা হয়) – ‘চোখ’

উপমান –(যার সঙ্গে তুলনা করা হয়) – ‘পাখির নীড়’

সাধারণ ধর্ম – অনুপস্থিত

তুলনা বাচক শব্দ – ‘মতো’

ব্যাখ্যাঃ উদাহরণটিতে উপমেয় ‘চোখ’, উপমান ‘পাখির নীড়’, তুলনা বাচক শব্দ – ‘মতো’ থাকলেও সাধারণ ধর্ম – অনুপস্থিত। তাই এটি একটি লুপ্তোপমা অলংকারের উদাহরণ।

অতিরিক্ত উদাহরণ –

১. কচি কলাপাতা সন্ধ্যা

উপমেয়- সন্ধ্যা, উপমান – কচি কলাপাতা, সাধারণ ধর্ম এবং তুলনাবাচক শব্দ – অনুপস্থিত।

২. বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে

উপমেয়- বন্যেরা, উপমান – শিশুরা, সাধারণ ধর্ম – সুন্দর, তুলনাবাচক শব্দ – অনুপস্থিত।

৩. দেখেছিলেম ময়নাপাড়ার মাঠে
কালো মেয়ের কালো হরিণ চোখ।

উপমেয়- মেয়ের চোখ, উপমান – হরিণ চোখ, সাধারণ ধর্ম – কালো, তুলনাবাচক শব্দ – অনুপস্থিত।

মালোপমা

যে উপমা অলংকারে উপমেয় থাকে একটি কিন্তু উপমান থাকে একাধিক, সেখানে হয় মালোপমা অলংকার।

উদাহরণ—

তোমার সে চুল

জড়ানো সূতার মতো, নিশীথের মেঘের মতো।

উপমেয় – (যাকে তুলনা করা হয়) – ‘চুল’ ।

উপমান –(যার সঙ্গে তুলনা করা হয়) – ‘জড়ানো সূতা’, ‘নিশীথের মেঘ’ ।

ব্যাখ্যাঃ উদাহরণটিতে উপমেয় ‘চুল’, উপমান ‘জড়ানো সূতা’, ‘নিশীথের মেঘ’। এখানে একটি উপমেয়ের একাধিক উপমান থাকায় মালোপমা অলংকার হয়েছে।

অতিরিক্ত উদাহরণ –

১. সুখ অতি সহজ সরল
প্রস্ফুটিত ফুলের মতো, শিশু-আননের
হাসির মতো।

উপমেয়- সুখ ; উপমান – প্রস্ফুটিত ফুল, শিশুর হাসি

২. বিদ্যা নামে তার কন্যা আছিল পরম ধন্যা
রূপে লক্ষ্মী গুণে সরস্বতী।

উপমেয়- বিদ্যা ; উপমান – লক্ষ্মী, সরস্বতী

স্মরণোপমা

কোনো বস্তুর অনুভব থেকে যদি মনের মধ্যে অন্য বস্তুর স্মৃতি জাগরিত হয়, তাহলে হয় স্মরণোপমা অলংকার।

উদাহরণ—

কালো জল ঢালিতে সই কালা পড়ে মনে
নিরবধি দেখি কালা শয়নে স্বপনে।

ব্যাখ্যাঃ উদাহরণটিতে ‘কালোজল’ ঢালতে গিয়ে রাধিকার মনে ‘কালা’ অর্থাৎ শ্রীকৃষ্ণের স্মৃতি জাগরিত হয়েছে। এখানে একটি বস্তুর অনুভব থেকে অন্য বস্তুর স্মৃতি জাগরিত হওয়ায় স্মরণোপমা অলংকার হয়েছে।

অতিরিক্ত উদাহরণ –

১. হলুদ বাটিতে গৌরী বসিল যতনে
হলুদ বরণ গোরাচাঁদে পড়ি গেলা মনে।

– হলুদ বাটতে বসে গৌরীর মনে গোরাচাঁদের স্মৃতি জাগরিত হলো।

২. হেরিয়া নবীন ঘন নীল গগনে
সজল কাজল আঁখি পড়িল মনে

৩. শুধু যখন আশ্বিনেতে ভোর শিউলি বনে
শিশির ভেজা হাওয়া বেয়ে ফুলের গন্ধ আসে,
তখন কেন মায়ের কথা আমার মনে ভাসে।

Thank You